

■■ সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

হাদিস নাম্বারঃ ৮১৮

১০/ আयान (کتاب الأذان)

পরিচ্ছেদঃ ১০/১৪০. দু' সিজদার মধ্যে অপেক্ষা করা।

بَابِ الْمُكْثِ بَيْنَ السَّجْدَتَيْنِ

আরবী

حَدَّثَنَا أَبُو النُّعْمَانِ، قَالَ حَدَّثَنَا حَمَّادُ، عَنْ أَيُّوبَ، عَنْ أَبِي قِلاَبَةَ، أَنَّ مَالِكَ بْنَ الْحُويْرِثِ، قَالَ لأَصْحَابِهِ أَلاَ أُنْبِئُكُمْ صَلاَةَ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ وَذَاكَ فِي غَيْرِ حِينِ صَلاَةٍ، فَقَامَ، ثُمَّ رَكَعَ فَكَبَّرَ ثُمَّ رَفَعَ رَأْسَهُ، فَقَامَ هُنَيَّةً، ثُمَّ سَجَدَ ثُمَّ رَفَعَ رَأْسَهُ هُنَيَّةً، فَصلَّى صَلاَةٍ عَمْرِو بْنِ سَلِمَةَ شَيْخِنَا هَذَا. قَالَ أَيُّوبُ كَانَ يَفْعَلُ شَيْئًا لَمْ أَرَهُمْ يَفْعَلُونَهُ، كَانَ يَقْعُدُ فِي الثَّالِثَةِ وَالرَّابِعَةِ.

বাংলা

৮১৮. আবৃ কিলাবাহ (রহ.) হতে বর্ণিত যে, মালিক ইবনু হ্যাইরিস (রাযি.) তাঁর সাথীদের বললেন, আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর সালাত সম্পর্কে আমি কি তোমাদের অবহিত করব না? (রাবী) আবৃ কিলাবাহ (রহ.) বলেন, এ ছিল সালাতের সময় ছাড়া অন্য সময়। অতঃপর তিনি (সালাতে) দাঁড়ালেন, অতঃপর রুকু' করলেন, এবং তাকবীর বলে মাথা উঠালেন আর কিছুক্ষণ দাঁড়িয়ে থাকলেন। অতঃপর সিজদা্য় গেলেন এবং সিজদা্ হতে মাথা উঠিয়ে কিছুক্ষণ বসে পুনরায় সিজদা্ করলেন। অতঃপর মাথা উঠিয়ে কিছুক্ষণ অপেক্ষা করলেন। এভাবে তিনি আমাদের এ শায়খ 'আমর ইবনু সালিমাহর সালাতের মত সালাত আদায় করলেন। আইয়ুব (রহ.) বলেন, 'আমর ইবনু সালিমাহ (রহ.) এমন কিছু করতেন যা অন্যদের করতে দেখিনি। তা হল তিনি তৃতীয় অথবা চতুর্থ রাক'আতে বসতেন। (৬৭৭) (আধুনিক প্রকাশনীঃ৭৭৩, ইসলামিক ফাউন্ডেশনঃ ৭৮১)

English

Once Malik bin Huwairith said to his friends, "Shall I show you how Allah's Messenger () used to offer his prayers?" And it was not the time for any of the compulsory congregational prayers. So he stood up (for the prayer) bowed and said the Takbir, then he raised his head and remained standing for a while and then prostrated and raised his head for a while (sat up for a



while). He prayed like our Sheikh `Amr Ibn Salama. (Aiyub said, "The latter used to do a thing which I did not see the people doing i.e. he used to sit between the third and the fourth rak`a)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ কিলাবাহ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন